ISO 9001:2015 Certified

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
THAKURGAON PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs

স্মারক নং- ২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.২৪. ৫২৮-৫ তারিখঃ ০৭ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর,২০২৪ খ্রি.

## " আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) দের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ০১) অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/০৬ (ছয়)/০৯ (নয়) বছর বা তদুর্দ্ধ সময়ের ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০২) বয়সসীমাঃ প্রার্থীর বয়স সীমা **০৬/০১/২০২৫ খ্রি. তারিখে** সর্বোচ্চ ৫২ (বায়ান্ন) বছর হতে হবে। নিয়োগ প্রাপ্তরা সর্বোচ্চ ০৯ (নবম) চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০৩। অন্যান্য যোগ্যতাঃ<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(খ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ১ম চুক্তিকালীন ০৩ (তিন) বছরের সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন (যদি পূর্বে না হয়ে থাকে) সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

শর্তাবলীঃ

০১। উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার/মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গন-কে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট www.thakurgaon.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২,ভাসন-০১) A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে **আগামী ০৬/০১/২০২৫ খ্রি. অফিস চলাকালীন** জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে এবং সরাসরি আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে/টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সনদ এর সত্যায়িত কপি;
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
(ঘ) জন্ম নিবন্ধন সনদ,স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেনীর গেজেটেট অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক আবশ্যকভাবে সত্যায়িত থাকতে হবে।

০৩। অন্যান্য শর্তাবলীঃ

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

চলমান পাতা-

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs


(গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে ঠাকুরগাঁও পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঘ) ঠাকুরগাঁও সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগনের রক্ত সর্ম্পকীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগনের রক্ত সর্ম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে চুক্তি বাতিল করনসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

(জ) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (On job Service Length) বিবেচনা করতঃ বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার মোতাবেক জ্যেষ্ঠতা নির্ধারণপূর্বক প্যানেল প্রস্তুত করা হবে।

(ঝ) ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার ভৌগলিক আওতাভুক্ত প্রার্থীগন আবেদন করতে পারবে না।

(ঞ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ ( সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ )।
০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ, পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................. পবিস-১/২/৩
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৭। ডিজিএম, (পীরগঞ্জ/কারিগরী/পঞ্চগড়/বালিয়াডাঙ্গী/রানীশংকৈল/রুহিয়া/দেবীগঞ্জ), ঠাকুরগাঁও পবিস।
০৮। এজিএম, (বোদা/আটোয়ারী/হরিপুর),সাব-জোনাল অফিস, ঠাকুরগাঁও -পবিস।
০৯। এজিএম(ইএন্ডসি/এমএস/ওএন্ডএম/অর্থ-হিসাব/আইটি), ঠাকুরগাঁও পবিস।
১০। এজিএম (আইটি), ঠাকুরগাঁও পবিস (বিজ্ঞপ্তি ফেসবুক পেইজ ও ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন)।
১১। নোটিশ বোর্ড, সদর দপ্তর, ঠাকুরগাঁও পবিস।
১২। অফিস কপি/মাষ্টার কপি।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

ISO 9001:2015 Certified



ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে
প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মরর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরণ করতে হবে)

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ..................................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ..................................

৩. পদের ধরণ ..................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ..................................

৫. প্রকাশনার তারিখ ..................................

৬. আবেদনকারীর পূর্ন নাম (বাংলায়) .................................. (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ..................................

৭. জন্ম তারিখ (----------- পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী) ........../.........../........... (দিন/মাস/বছর)

৮. মাতার নাম ..................................

৯. বয়স (০৬-০১-২০২৫ খ্রি. তারিখে) ..................................

১০. পিতার নাম ..................................

১১. ধর্ম ..................................

১২. জাতীয়তা ..................................

১৩. নিজ জেলা ..................................

১৪. মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক(√)দিন)

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬. কোন কোটায় সুবিধা পাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধী |
|---|---|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

অঃপৃঃদ্রঃ

১৭. স্থায়ী ঠিকানাঃ

........................................ ........................................ ........................................ ........................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

........................................ ........................................ ........................................ ........................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ(সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে ঠাকুরগাঁও পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে ঠাকুরগাঁও পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

------------------------------ ----------------------------------------

তারিখ আবেদনকারীর স্বাক্ষর